



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ
বাংলাদেশ নৌ বাহিনী
সোনাকান্দা, নারায়ণগঞ্জ

কেবলঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ দরপত্র (স্থানীয় বিক্রয়) ফ্যাক্স ৭৬৬১০২৭
ফোন নং ৭৬৬১৪৮২

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১৪২
ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকাঃ ফ্রি

তারিখ ২৫ জুলাই ২০২৪ ইং

মেসার্স

বিষয়ঃ এম.এস স্ক্রাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্রাপ বিক্রয় প্রসঙ্গে

টেন্ডারের শর্তাবলী

আমি/আমরা উপরে উল্লেখিত এম এস স্ক্রাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্রাপ (যেখানে যে অবস্থায়, যে পরিমাণ আছে) ক্রয়ের জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং নিচে বর্ণিত টেন্ডারে যাবতীয় শর্ত মেনে চলার অঙ্গীকার করছি :

১। দরপত্র বন্ধের তারিখ ও সময়।

দরপত্র গ্রহণ করার সময় ১২:১৫ ঘটিকা সময় তারিখ ০১ আগস্ট ২০২৪ ইং

২। দরপত্র জমা দেওয়ার স্থান।

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে এবং দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে।

৩। দরপত্র খোলার তারিখ এবং সময়।

উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে দরপত্র বন্ধের পর ১২:৩০ ঘটিকা সময় তারিখে ০১ আগস্ট ২০২৪ ইং খোলা হবে।

৪। দরপত্র সীলিং এবং মার্কিং।

ক। দরপত্র ডবল ইনভেলোপের ভিতর এবং বাইরে উভয়ের উপরে সীল মোহর সহ ম্যানেজিং ডাইরেক্টর, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এই ঠিকানায় দাখিল করতে হবে।

খ। বাইরের ইনভেলোপে টেন্ডার নং, খোলার তাং এবং সময় উল্লেখিত করতে হবে। ভিতরের ইনভেলোপে দরপত্র প্রেরকের পুরা নাম ও ঠিকানা লিখতে হবে যাতে দেরিতে প্রাপ্ত এবং অগ্রহণযোগ্য দরপত্র প্রেরকের নামে ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। যদি বাইরের ইনভেলোপে উক্ত নিয়মকানুন মোতাবেক যথোপযুক্ত সীল এবং সম্বোধন না থাকে তা হলে দরপত্র খোয়া যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য অত্র প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

৫। জামানতের টাকা। টেন্ডার জমা দেওয়ার সময় টাকা ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ মাত্র) আর্নেস্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার “ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়াকর্স লিঃ” এর নামে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না (তালিকভুক্ত সরবরাহকারি/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।

৬। শর্তসমূহ।

ক। সর্বোচ্চ দরদাতা হিসাবে গৃহীত ব্যক্তি বা সংস্থা কে এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ সংগ্রহের জন্য বিক্রয়াদেশ প্রদান করা হবে এবং সর্বোচ্চ দর দাতার প্রদত্ত দর বিক্রয়াদেশ প্রাপ্তির পর সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

খ। বিক্রয়াদেশ পাওয়ার পর এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ বিক্রয় সংক্রান্ত কমিটির উপস্থিতিতে দ্রব্যাদি বাছাই ও পরিমাপ করতঃ পরিমাপ অনুযায়ী তাৎক্ষণিক সর্বোচ্চ সম্পূর্ণ মূল্য হিসাব বিভাগের ক্যাশ শাখায় পরিশোধ করে সিআর কপি গ্রহণ করতঃ গেট পাশের জন্য বাণিজ্যিক শাখায় অবহিত করে প্রধান ভান্ডারে কপি জমা দিয়ে এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরবরাহ নিতে হবে।

গ। স্তূপকৃত দ্রব্যাদির মধ্যে অপেক্ষাকৃত বড় সাইজের পেট, এ্যাঙ্গেল ইত্যাদি অত্র ডকইয়ার্ডের উৎপাদন কাজে ব্যবহৃত হবে। অবশিষ্ট দ্রব্যাদি স্ক্র্যাপ হিসেবে বিক্রয় করা হবে।

ঘ। বিক্রয় সংক্রান্ত কমিটি এবং সর্বোচ্চ দরদাতার উপস্থিতিতে অনুচ্ছেদ ৬(গ) এ বর্ণিত ডকইয়ার্ডের প্রয়োজনীয় দ্রব্যাদি আলাদা করা হবে। উক্ত ব্যাপারে সর্বোচ্চ দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। এতে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ। অপেক্ষাকৃত ছোট ও টুকরা পেট, এ্যাঙ্গেল স্ক্র্যাপ হিসাবে গণ্য হবে।

চ। বিক্রয়াদেশ প্রাপ্তির পর ১৫ কার্যদিবসের মধ্যে এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ সমূহ নিজ খরচে সরবরাহ নিতে হবে।


ছ। যে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে কর্তৃপক্ষ তাৎক্ষণিক এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ সরবরাহ বন্ধ করে দেওয়ার ক্ষমতা সংরক্ষন করেন।

জ। সর্বোচ্চ দরদাতা এম এস স্ক্র্যাপ এবং এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ গ্রহণ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করতঃ ২য় সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষন করে।

ঝ। কর্তৃপক্ষ প্রয়োজনীয় শর্তাবলী সংশোধন/সংযোজনের ক্ষমতা সংরক্ষন করে।

৭। ঠিকাদার প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

আমি/আমরা উপরে উল্লিখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে নিলাম এবং স্বাক্ষর করলাম।


মোস্তুফা কামাল
কমান্ডার বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

দরদাতার স্বাক্ষর ও সীল

পূর্ণ ঠিকানা

ফোন নং-----

মোবাইল নং-----

তারিখ-----

মালামালের বিবরণঃ

ক্রঃ নং	বিবরণ	একক	ভ্যাট ও ট্যাক্সসহ একক মূল্য
১।	এম.এস স্ক্র্যাপ (যেখানে যে অবস্থায়, যে পরিমাণ আছে)	প্রতি কেজি	
২।	এ্যালুমিনিয়াম স্ক্র্যাপ (যেখানে যে অবস্থায়, যে পরিমাণ আছে)	প্রতি কেজি	

কথায়ঃ

দরপত্র কমিটির স্বাক্ষর


বাণিজ্যিক শাখা

হিসাব রক্ষণ শাখা

ব্যবহারকারী

আমরা সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

ঠিকাদারের স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-


মোস্তফা কামাল
কমান্ডার বিএন
ডিজিএম (এডমিন)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌ বাহিনী, নারায়ণগঞ্জ।